বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

*"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"*

মুজিব শতবর্ষ

বাউবি/তথ্য-৯৯/০৩(৬)তথ্য অধিকার/২০২২/৩৮৪২ তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
২৩ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

## ৩য় সভার বিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে "তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন ২০০৯" অনুসারে বাউবি'র শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করণের উদ্দেশ্যে বাউবি'র তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির সভাপতি **মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন**-এর সভাপতিত্বে ৩য় সভা নিম্নোক্ত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে। সভার একজন সম্মানিত সদস্য হিসেবে আপনার উপস্থিতি একান্তভাবে কাম্য।

## সভার সূচি :

তারিখ : ২৫ মে, ২০২২; বুধবার
সময় : সকাল ১১:০০ টা
স্থান : মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা)-এর কার্যালয়ে।

আলোচ্যসূচি ঃ

১. পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ অনুসমর্থন;
২. তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নে পরবর্তী পদক্ষেপ;
৩. বিবিধ।

ধন্যবাদসহ,

২৬.০৫.২০২২

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত),
তথ্য ও গণসংযোগ বিভাগ
ও
সদস্য-সচিব, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, উপ-উপাচার্য (শিক্ষা); ও সভাপতি, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
২. অধ্যাপক ড. সোয়াইব আহমেদ (শোয়াইব জিবরান), স্কুল অব এডুকেশন; ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
৩. এ এসএম নোমান আলম, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), পরীক্ষা বিভাগ; ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
৪. ড. সায়মা আহমদ, সহযোগী অধ্যাপক, এসএসএইচএল; ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
৫. এমএস. সঙ্গীতা মোরশেদ, লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ; ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
৬. মোঃ আব্দুল্লাহ আল কাফি, যুগ্ম-পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, প্রশাসন বিভাগ; ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
৭. মোঃ আব্দুল করিম, যুগ্ম-পরিচালক, এসএসএস বিভাগ; ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
৮. মোঃ আব্দুস সাত্তার, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল; ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
৯. ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), সদস্য-সচিব, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ, গাজীপুর-১৭০৫-ফোন-৯২৯১১১৯

**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির ২৫-০৫-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে বাউবি'র শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করণের উদ্দেশ্যে গঠিত কমিটির সভা ২৫ মে, ২০২২ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় কমিটির সভাপতি মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) **অধ্যাপক ড. মাহবুবা নাসরীন**-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, উপ-উপাচার্য (শিক্ষা), বাউবি। | সভাপতি |
| ২. | ড. সোয়াইব আহমেদ (শোয়াইব জিবরান), অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি। | সদস্য |
| ৩. | এ এস এম নোমান আলম, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), পরীক্ষা বিভাগ,বাউবি। | সদস্য |
| ৪. | ড. সায়মা আহমদ, সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি। | সদস্য |
| ৫. | এমএস. সঙ্গীতা মোরশেদ, লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি। | সদস্য |
| ৬. | মোঃ আবদুল্লাহ আল কাফি, যুগ্ম-পরিচালক, সাধারণ প্রশাসন, প্রশাসন বিভাগ, বাউবি। | সদস্য |
| ৭. | মোঃ আব্দুল করিম, যুগ্ম-পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি। | সদস্য |
| ৮. | মোঃ আব্দুস সাত্তার, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি। | সদস্য |
| ৯. | ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি। | সদস্য-সচিব |

সভার শুরুতেই সভাপতি ও উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয় সকলকে স্বাগত জানান। তিনি সদস্য-সচিব কে গত ১৮-০৩-২০২২ তারিখের সভার গৃহীত সিদ্ধান্তসমূহ অনুসমর্থনের লক্ষে উপস্থাপনের জন্য বলেন। সদস্য সচিব গত সভার সিদ্ধান্ত উপস্থাপন এবং ২৮-০৩-২০২২ তারিখে **অনুষ্ঠিত তথ্য অধিকার আইন ২০০৯ ও প্রাতিষ্ঠানিক প্রাসঙ্গিকতা** শীর্ষক দিন ব্যাপী কর্মশালা সম্পর্কে সভাকে অবহিত করেন।

সভাপতি মহোদয় তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নে পরবর্তী পদক্ষেপ সম্পর্কে কমিটির সদস্যদের কাছ থেকে মতামত জানতে চান। সভায় বিশদ আলোচনা শেষে নিম্নোক্ত সুপারিশ গৃহীত হয়।

**সুপারিশ : ১**

তথ্য অধিকার আইন-২০০৯ ও প্রাতিষ্ঠানিক প্রাসঙ্গিকতা শীর্ষক ২৮-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত কর্মশালার অভিজ্ঞতার আলোকে ডিন ও বিভাগীয় প্রধানদেরকে নিজ নিজ স্কুল ও বিভাগের সদস্যদের নিয়ে আলোচনা করে তাঁদের মতামত/পরামর্শ তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য সচিব কে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হবে। এ বিষয়ে সদস্য সচিব সকল স্কুল/বিভাগসমূহে পত্র প্রেরণ করবেন।

**সুপারিশ : ২**

বাউবি'র ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে তথ্য প্রদান নিশ্চিত করার বিষয়ে এবং বাউবি'র ওয়েব সাইটে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ওয়ান স্টপ সার্ভিসে কর্মকর্তাদের নাম অন্তর্ভূক্ত করার বিষয়ে সুপারিশ করা হয়। এবিষয়ে উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয় স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক এবং ওয়ান স্টপ সার্ভিসের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে আলোচনা করবেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ, গাজীপুর-১৭০৫-ফোন-৯২৯১১১৯

**সুপারিশ : ৩**

তথ্য অধিকার আইন-২০০৯ এবং কর্মপরিকল্পনা শীর্ষক একটি ওয়ার্কশপ জুন, ২০২২ এর মধ্যে অনুষ্ঠানের বিষয়ে সকলে একমত পোষণ করেন। ওয়ার্কশপে বাউবি'র মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথি এবং সাবেক তথ্য কমিশনার অধ্যাপক ড. গোলাম রহমান কে রিসোর্স পার্সন হিসেবে আমন্ত্রণ জানানো হবে। এছাড়া বাউবি'র সামাজিক বিজ্ঞান ও ভাষা স্কুলের অধ্যাপক ড. নাহিদ ফেরদৌসী বাউবি'র আইন ও তথ্য অধিকার সম্পর্কে রিসোর্স পার্সন হিসেবে থাকবেন। কর্মশালায় সভাপতিত্ব করবেন বাউবি'র মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) **অধ্যাপক ড. মাহবুবা নাসরীন**।

**সুপারিশ : ৪**

ওয়ার্কশপে বাউবি'র ছয়টি অনুষদের ডিনগণের প্রতিনিধি (যিনি তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে কাজ করবেন), বিভাগীয় প্রধান/প্রতিনিধি (যিনি তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে কাজ করবেন), ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক/প্রতিনিধি, মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক/প্রতিনিধি, ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং এর যুগ্ম-পরিচালক, আঞ্চলিক পরিচালকগণ ও আঞ্চলিক কেন্দ্রের তথ্য প্রদানকারী কর্মকর্তাগণ অংশ নেবেন।

**সুপারিশ : ৫**

কর্মশালায় অংশগ্রহণকারীদের বাউবি'র ভর্তি, পরীক্ষা ও শিক্ষার্থীদের বিভিন্ন সমস্য সংক্রান্ত প্রশ্নোত্তরের জন্য প্যানেল লিস্টে স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক/প্রতিনিধি, পরীক্ষা নিয়ন্ত্রক/প্রতিনিধি এবং আইসিটি ইউনিটের প্রধান উপস্থিত থাকবেন। এ ছাড়াও ওয়ান স্টপ সার্ভিসের কর্মকর্তাগণও উপস্থিত থাকবেন।

ওয়ার্কশপের যাবতীয় কাজ সম্পন্ন করার জন্য তথ্য ও গণসংযোগ বিভাগ একটি বাজেট প্রণয়ন করে তা নথিতে উপস্থাপনের মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে অর্থ উত্তোলন করে কর্মশালার যাবতীয় কাজ সম্পন্ন করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৫/২০২২

ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ ও
সদস্য-সচিব, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি,
বাউবি, গাজীপুর।

**অধ্যাপক মাহবুবা নাসরীন** পিএইচডি
উপ-উপাচার্য (শিক্ষা) ও
সভাপতি, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি,
বাউবি, গাজীপুর।





